

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ এর সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	খন্দকার সাখাওয়াত হায়দার সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৭ নভেম্বর, ২০২২ খ্রি
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট “ছক-০২”

সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	বাস্তবায়নকারী ব্যক্তি/কর্তৃপক্ষ
০১.	শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।	সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে ‘অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়।	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হিসেবে আব্দুল্লাহ আল রহমান, প্রোগ্রামার, জেলা কার্যালয়, সিরাজগঞ্জকে নিয়োগ করা হলো।
০২.	দাপ্তরিক দায়িত্বপালন	চলমান আইন ও বিধি বিধান এবং ন্যায় নীতির আলোকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত যথাযথভাবে দায়িত্ব পালনে সচেষ্ট হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর, জেলা/উপজেলা কার্যালয়, সিরাজগঞ্জ।
০৩.	সেবা প্রদান সংক্রান্ত	সরকারী ও আধা-সরকারি প্রতিষ্ঠানে চাহিত আইটি বিষয়ক পরামর্শ সর্বোচ্চ ০২ (দুই) দিনের মধ্যে প্রদান।	সহকারী প্রোগ্রামার উপজেলা কার্যালয় (সকল), সিরাজগঞ্জ।
০৪.	দাপ্তরিক সোশ্যাল মিডিয়া পেজ চালুকরণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা/উপজেলা কার্যালয়, সিরাজগঞ্জ এর নামে ফেইসবুক পেইজ খোলার ব্যাপারে অতিদ্রুততার সাথে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সহকারী প্রোগ্রামার উপজেলা কার্যালয় (সকল), সিরাজগঞ্জ।
০৫.	ইউনিকোড এর ব্যবহার	অফিসিয়াল সকল ডকুমেন্ট ইউনিকোড এ ব্যবহার নিশ্চিত করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা/উপজেলা কার্যালয়, সিরাজগঞ্জ।
০৬.	তথ্য অধিকার আইনে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, ঠিকানা ওয়েবসাইটে প্রকাশ	তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, ঠিকানা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সহকারী প্রোগ্রামার উপজেলা কার্যালয় (সকল), সিরাজগঞ্জ।
০৭.	ই-নথির ব্যবহার	সকল চিঠিপত্র ই-নথির মাধ্যমে আদান প্রদান করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর, জেলা/উপজেলা কার্যালয়, সিরাজগঞ্জ।
০৭.	অন্যান্য	১. উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব ও উদ্ভূত বিষয়সমূহে, সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত পালনের মন-মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। ২. প্রতি মাসের ১ম সোমবার নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। ৩. উপজেলা হতে বিভিন্ন তথ্য নেওয়ার জন্য গুগল ফর্ম তৈরি করে তথ্য চাওয়া হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর, জেলা/উপজেলা কার্যালয়, সিরাজগঞ্জ।

পরিশেষে সভাপতি বলেন, সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার জন্য সমন্বয় সভার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সকলকে নৈতিকতার সাথে স্ব-স্ব অবস্থান থেকে কাজ করার আহবান জানান এবং সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

K.S. Haider

খন্দকার সাখাওয়াত হায়দার
সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৪.৮৮০০.০০০.০৬.০০৪.২২.২২

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৯

২১ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সহকারী প্রোগ্রামার (সকল), সিরাজগঞ্জ

২) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ

K.S. Haider

খন্দকার সাখাওয়াত হায়দার
সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)